

## 💵 আতৃ তারগীব ওয়াত্ তারহীব

হাদিস নাম্বারঃ ২১৮

৪. পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ১১. আঙ্গুল সমূহ খিলাল[1] করার প্রতি উদ্বুদ্ধকরণ ও তা পরিত্যাগ করা এবং যে অংশ ধৌত করা ওয়াজিব তাতে শিথীলতা করার প্রতি ভীতি প্রদর্শনঃ ([1] . খিলাল বলা হয়, দু'দাঁতের মধ্যে থেকে খাদ্যের কণা ইত্যাদি বের করার জন্য যে শলা বা কাঠি ব্যবহার করা হয় তাকে। এখানে উদ্দেশ্য হচ্ছে, দাড়ির চুলকে ফাঁক করে তার মধ্যে এবং হাত ও পায়ের দু'আঙ্গুলের ফাঁকে অন্য আঙ্গুল দ্বারা পানি পৌঁছানো।)

الترغيب في تخليل الأصابع والترهيب من تركه وترك الإسباغ إذا أخل بشيء من القدر الواحب

আরবী

(حسن صحيح) وَعَنْ عبد الله بن مسعود رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صلَّى اللَّهُ عَنْهُ قَالَ: وَاللَّهُ عَنْهُ وَسَلَّمَ: لتنهكن الأصابع بالطهور أو لتنهكنها النار. رواه الطبراني في الأوسط

বাংলা

২১৮. (হাসান সহীহ্) আবদুল্লাহ বিন মাসউদ (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসুলুল্লাহ (সালাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেছেনঃ "ওযুর সময় আঙ্গুল সমূহ অতিরিক্ত খিলাল করে ধৌত করবে, অন্যথা উহা জাহান্নামের আগুনে বেশী করে জালানো হবে।"

(ত্বাবরানী [আওসাত গ্রন্থে] মারফূ' সূত্রে হাদীছটি বর্ণনা করেছেন ১২২)

(সহীহ্ মাওকৃফ) কিন্তু [কাবীর গ্রন্থে] ইবনে মাসউদ থেকে হাসান সনদে মাওকৃফ সূত্রে বর্ণনা করেছেন। আল্লাহই অধিক জ্ঞান রাখেন।

(সহীহ্ লি গাইরিহী মাওকৃফ) ত্বাবরানী [কাবীর গ্রন্থে] মাওকৃফ সূত্রে আরো বর্ণনা করেছেনঃ

خَلِّلُوا الأَصابِعَ الْخَمْسَ لا يَحْشُوهَا اللَّهُ نَارًا

''তোমরা পাঁচ আঙ্গুল খিলাল করবে, তাহলে আল্লাহ্ উহাকে আগুনে জ্বালাবেন না।''

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইব্ন মাসউদ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন